**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 05-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## World Environment Day :

আজ বিশ্ব পরিবেশ দিবস| এই উপলক্ষে সারা দেশের সাথে রাজ্যেও বিভিন্ন কর্মসূচি পালিত হচ্ছে | সকালে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে আগরতলায় সুকান্ত একাডেমি থেকে এক শোভাযাত্রা অনুষ্ঠিত হয় | বেলা সাড়ে এগারোটায় প্রজ্ঞা ভবনে রাজ্যের মূল অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা | এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে নতুনদিল্লির ভগবান মহাবীর বনস্থলী পার্কে একটি বিশেষ বৃক্ষরোপণ অনুষ্ঠানে অংশ নেবেন। প্রধানমন্ত্রী "এক পেড় মা কে নাম" উদ্যোগের আওতায় একটি বট গাছের চারা রোপণ করবেন।

*****************

## CM meeting:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে গতকাল সচিবালয়ে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে আগাম বর্ষাকালীন প্রস্তুতি বিষয়ে রাজ্যভিত্তিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন মুখ্য সচিব জে কে সিনহা সহ অন্য আধিকারিকরা। বৈঠকে মুখ্যমন্ত্রী, বিপর্যয়ের মুহূর্তে তথা প্রতিকূলতা থেকে বেরিয়ে আসতে দপ্তরগুলির মধ্যে সমন্বয় সাধনে জোর দেন | মুখ্যমন্ত্রী হাসপাতালগুলিতে প্রয়োজনীয় ওষুধ, অ্যান্টিভেনম ইনজেকশন, ব্লিচিং পাউডার, হ্যালোজেন পাউডার ইত্যাদি সঠিক পরিমাণে মজুত রাখার উপর গুরুত্ব আরোপ করেন। রিলিফ ক্যাম্পগুলিতে আসার পর নাগরিকদের সম্পত্তি রক্ষার বিষয়েও জোর দিতে হবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

********************

## NEC-Task Force :

রাজ্যের পর্যটন কেন্দ্রগুলিকে আকর্ষনীয় করে তুলতে হেলি ট্যুরিজম-এবং ডম্বুরের নারিকেলকুঞ্জে সি-প্লেইন চালুর জন্য প্রয়োজনীয় সহযোগিতা করতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক অর্থাৎ ডোনার এর কাছে অনুরোধ জানিয়েছেন|

উত্তর পূর্বাঞ্চলে পর্যটনের প্রসারে মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমাকে আহ্বায়ক করে ডোনার মন্ত্রকের গঠিত উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্সের দ্বিতীয় সভায় গতকাল মুখ্যমন্ত্রী এই অনুরোধ জানান|

******************

## Census :

সরকার ২০২৭ সালে দুটি ধাপে জনগণনার সিদ্ধান্ত নিয়েছে, পাশাপাশি জাতি গণনাও করা হবে। আদমশুমারির ভিত্তি তারিখ হবে ২০২৭ সালের পয়লা মার্চ। এক বিবৃতিতে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে যে লাদাখ জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডের তুষারপাত অঞ্চলগুলির জন্য এই তারিখ হবে ২০২৬ সালের পয়লা অক্টোবর। জনগণনা পরিচালনার বিজ্ঞপ্তি এমাসে সরকারী গেজেটে প্রকাশিত হওয়ার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য সর্বশেষ আদমশুমারি ২০১১ সালে দুটি ধাপে হয়েছিল।

*******************

## AIMS-GB :

নয়াদিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস'এর অধিকর্তা অধ্যাপক ডা: শ্রীবাস এর নেতৃত্বে চারজনের এক প্রতিনিধি দল আগামী ৭ই জুন আগরতলায় আসছেন। তারা জিবি হাসপাতালের বিভিন্ন ইউনিট পরিদর্শন

করবেন এবং চিকিৎসা পরিষেবা উন্নয়নের ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ দেবেন| এর আগে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সঙ্গে সাক্ষাৎ করবেন| জিবি হাসপাতালের মেডিকেল সুপার শংকর চক্রবর্তী এখবর জানান|

***************

**Five Multi-Party Delegations Back Home**:

অপারেশন সিন্দুর পরবর্তী কুটনৈতিক প্রয়াসের অঙ্গ হিসাবে বিশ্বের বিভিন্ন দেশ সফর করছেন বহুদলীয় সাংসদ প্রতিনিধিরা। সাতটির মধ্যে পাঁচটি সাংসদ প্রতিনিধি দল ইতিমধ্যেই নিজেদের সফর শেষে দেশে ফিরেছেন | সন্ত্রাদের বিরুদ্ধে ভারতের অবস্থান এবং পাকিস্থানের সন্ত্রাস পৃষ্ঠ পোষকতা সম্পর্কে বিশ্ব নেতৃত্বকে অবহিত করতেই ছিল এই সফর |

*************************

**Jagorani utshab**:

দুই দিন ব্যাপি জাগরণী উৎসব গতকাল থেকে উদয়পুর পালাটানা শীতলা মায়ের মন্দির প্রাঙ্গনে শুরু হয়েছে ।তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়।তিনি বলেন, উৎসবের মধ্য দিয়ে জাতি ধর্ম বর্ণ সকল অংশের মানুষের মধ্যে মিলন ঘটে। সামাজিক ঐক্য সুদৃঢ় হয়। এদিকে ৫৯ বছরের পুরানো এই শীতলা পূজাকে কেন্দ্র করে মেলা বসে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় প্রমুখ।

******************

**EK Ped ma ke naam:**

এক পেড় মা কে নাম কর্মসূচিতে আসাম রাইফেলস গতকাল রাধানগরে গাছের চারা রোপন করেছে। আসাম রাইফেলস জানিয়েছে, ১৮ জন মা এবং ২০ জন শিশু মিলে গাছের চারাগুলি রোপন করেছেন। গাছ লাগাতে অনুপ্রেরণা দিতে এই উদ্যোগ নেওয়া হয়েছে |

***********************

**Bangaluru:**

বেঙ্গালুরুতে IPL-এর চ্যাম্পিশীপের উদযাপন নিয়ে অনভিপ্রেত ঘটনার বিচার বিভাগীয় তদন্তের ঘোষণা দিয়েছেন কর্ণাটকের মুখ্যমন্ত্রী সিদ্ধারা মাইয়া | গতকাল রয়েল চ্যেলেন্জার্স বেঙ্গালুরুর চ্যেম্পিয়ান্শীপ উদযাপনের অনুষ্ঠানে ভীরের ফলে পদপিষ্ঠ হয়ে ১১ জন প্রাণ হারান | আহত হন আরো  ৩৩ জন | প্রধানমন্ত্রী নরেন্দ্র  মোদী মর্মান্তিক ওই ঘটনায় গভীর শোক প্রকাশ করেন |

*****************

**Weather :**

রাজ্যের সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বর্ষণ, সঙ্গে ঘন্টায় ৩0 থেকে ৪0 কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা  জারি করা হয়েছে। আগরতলায় আজ আকাশ সাধারনত মেঘলা থাকবে| বিক্ষিপ্তভাবে বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে দশমিক ৪  মিলিমিটার। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১  ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

******************